

## প্রাথমিকের প্রধান শিক্ষকরাও ১ম শ্রেণীর মর্যাদা চান

### যুগান্তর রিপোর্ট

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ১ম শ্রেণীর মর্যাদা দেয়ার পর এবার সরকারি প্রাথমিকের প্রধান শিক্ষকরা প্রথম শ্রেণীর মর্যাদা দাবি করেছেন। একই সঙ্গে সহকারী শিক্ষকরা দাবি করেছেন দ্বিতীয় শ্রেণী। শুক্রবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলন থেকে এ দাবি উত্থাপন করা হয়েছে। প্রাথমিক শিক্ষক সমিতির ব্যানারে ওই সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। এতে পিণিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম তোতা। শিক্ষক নেতা জাহানারা খানম, জুলফিকার আদী, গাজিউল হক চৌধুরী, সুব্রত রায়, সুবল চন্দ্র পাল, মীলা রায়, ফিরোজা উদ্দিন, আবদুল কাদের, ফজলুল হক প্রমুখ এতে উপস্থিত ছিলেন।

আনোয়ারুল ইসলাম বলেন, ২০১৪ সালে ৯ মার্চ জাতীয় শিক্ষা সপ্তাহ উদ্বোধনকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর গেজেটেড মর্যাদা দেয়ার ঘোষণা দেন। কিন্তু প্রধানমন্ত্রীর ওই ঘোষণা আজও বাস্তবায়ন হয়নি। তাই আমরা ওই দাবির বাস্তবায়ন চাই। পাশাপাশি যেহেতু সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণীর মর্যাদা দেয়া হয়েছে, তাই আমরা প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদেরও প্রথম শ্রেণীর মর্যাদা চাই। এটা এ কারণে যে, প্রধান শিক্ষকদের যোগ্যতা ও কাজের পরিধি মাধ্যমিকের সহকারী শিক্ষকের চেয়েও বেশি। তাই তাদের এই সুবিধা ও সম্মান দিতে হবে। সমান্তরালে সহকারী শিক্ষকদের দ্বিতীয় শ্রেণীর মর্যাদা দিতে হবে। এতে আরও বন্দ্য হয়, ২০০৯ সাল থেকে পদোন্নতি বন্ধ রয়েছে। প্রাথমিকে শিক্ষকদের একটাই পদোন্নতি আছে। তা হচ্ছে সহকারী শিক্ষকরা প্রধান শিক্ষক হন। এই উচ্চতমতা